

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www nbr.gov.bd](http://www nbr.gov.bd)

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

#### মেট্রোরেল সেবার উপর ভ্যাট অব্যাহতি প্রদান করেছে জাতীয় রাজস্ব বোর্ড

সরকার জনগুরুত্ব বিবেচনায় এবং পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক গণপরিবহন মেট্রোরেলকে অধিক জনপ্রিয় করার উদ্দেশ্যে ইতোপূর্বে মেট্রোরেল সেবার ওপর আরোপিত ভ্যাট ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত অব্যাহতি প্রদান করেছে।

মেট্রোরেল সেবার ওপর মূল্য সংযোজন করের বিদ্যমান অব্যাহতি চালু রাখার জন্য সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে জনস্বার্থে উক্ত অব্যাহতির মেয়াদ আগামী ৩০ জুন, ২০২৬ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করে সরকার ২৩ ডিসেম্বর, ২০২৫ তারিখে একটি প্রজ্ঞাপন জারী করেছে।

-জাতীয় রাজস্ব বোর্ড